কোস্ট ফাউন্ডেশন। কোস্ট প্রশাসনিক ছক নং ১০/২০২১

# অঙ্গীকারনামা

কর্মীর ছবি

আমি: ____________________

পিতা: ____________________ মাতা: ____________________

স্থায়ী ঠিকানা: গ্রাম/ওয়ার্ড: __________ ডাকঘর: __________ উপজেলা: __________

জেলা: ____________________

আমি কোস্ট ফাউন্ডেশনে যোগদানকৃত সাধারণ সেবা কর্মী জনাব __________ পিতা: __________

মাতা: __________ স্থায়ী ঠিকানা, গ্রাম/ওয়ার্ড: __________ ডাকঘর: __________

উপজেলা: __________ জেলা: __________

এর পক্ষে সার্বিক দায়-দায়িত্ব বহনের স্বীকার করে জামিনদার হিসাবে নিম্নলিখিত শর্ত মোতাবেক অঙ্গীকারাবদ্ধ হলাম।

## শর্তাবলী

১. কোস্ট ফাউন্ডেশন এ চাকুরিরত থাকাকালীন উপরোক্ত ব্যক্তির কাজে অবহেলা, ইচ্ছাক্রটি, স্বীয় স্বার্থ আদায়ের লক্ষ্যে বা উদ্দেশ্য-প্রণোদিতভাবে কোন কার্য সম্পাদন, ফৌজদারী বা দেওয়ানী আইনে শাস্তিযোগ্য অপরাধ মোতাবেক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোস্ট ফাউন্ডেশন এর কার্যক্রমের কোন ক্ষতি সাধন, দেশের প্রচলিত আইন-কানুন, নিয়ম-শৃংখলা ও বিধি-বিধানের পরিপন্থী কোন বে-আইনী বা নৈতিকতা বিরোধী কাজে নিজেকে জড়িত করা, কোস্ট ফাউণ্ডেশন এর প্রাতিষ্ঠানিক বা প্রশাসনিক কোন আইন বা নিয়ম শৃংখলার পরিপন্থী কোন কর্মকান্ডে জড়িত হওয়া অথবা কোস্ট ফাউন্ডেশন এর প্রত্যক্ষ বা পরোক্ষভাবে আর্থিক বা কোন ক্ষতি সাধন করা, ব্যাংক হতে বা নগদ অথবা যে কোন উপায়ে আর্থিক সুবিধা লাভ করা অথবা অর্থ আত্মসাৎ করা, কোস্ট ফাউন্ডেশন এর কোন স্থাবর বা অস্থাবর সম্পত্তির ক্ষতি সাধন, বিনষ্ট বা হস্তগত করা, কোস্ট ফাউন্ডেশন এর সুনাম ক্ষুণ্ন হতে পারে এমন কোন কার্যকলাপে জড়িত হওয়া ইত্যাদি যে কোন প্রকার কাজে দায়ী বা দোষী সাব্যস্ত হলে আমি উপরোক্ত ব্যক্তির সকল প্রকার দায় দায়িত্ব নিজে বহন করব বা করতে আইনতঃ বাধ্য থাকব এবং কোস্ট ফাউন্ডেশন দাবীকৃত বা আদালত কর্তৃক ঘোষিত যে কোন অংকের নির্ধারিত আর্থিক ক্ষতিপুরণ প্রদানে বাধ্য থাকব। উপরোক্ত ব্যক্তি কর্তৃক ক্ষমতার অপব্যবহার অথবা বে-আইনী যে কোন প্রকার কর্মকান্ড অথবা কোস্ট ফাউন্ডেশন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ, ছুটি নিয়ে কর্মস্থলে ফিরে না আসা, কর্মে বিরত থাকা ইত্যাদি সকল প্রকার কাজের জন্য আমি সম্পূর্ণ দায় দায়িত্ব বহন করব।

২. উপরোক্ত ব্যক্তি সম্পূর্ণ সততা, বিশ্বস্ততা, শৃংখলা ও নিয়মানুবর্তিতার সাথে তার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য পালন করবেন।

৩. আমি জামিনদার হিসাবে আমার দায়িত্ব পালন না করলে বা কোন প্রকার অনীহা প্রকাশ করলে কিংবা প্রদত্ত অঙ্গীকার ভঙ্গ করলে আমার বিরুদ্ধে কোস্ট ফাউন্ডেশন কর্তৃপক্ষ অত্র অঙ্গীকারনামা বলে আইন অনুযায়ী যে কোন প্রকার ব্যবস্থা গ্রহণ করতে পারবেন এবং সে ক্ষেত্রে আমার কোন প্রকার ওজর আপত্তি সর্ব আদালতে অগ্রাহ্য, বাতিল ও না-মঞ্জুর বলে ঘোষিত হবে।

৪. আমি এই মর্মে অঙ্গীকার ও স্বীকার করছি যে, উপরোক্ত ব্যক্তির যে কোন প্রকার বে-আইনী কার্যকলাপ, নিয়ম শৃংখলা ও নৈতিকতা বিরোধী আচার আচরণের জন্য ১নং অনুচেছদে বর্ণিত যে কোন কারণে অথবা অর্থ আত্মসাৎ এর দায়ে উপরোক্ত ব্যক্তি দোষী সাব্যস্ত হলে আমি সর্বাধিক মোট ১,০০,০০০/- (এক লক্ষ টাকা মাত্র) নগদ অর্থ ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকলাম বা আইনত বাধ্য থাকব। কোস্ট ফাউন্ডেশন কর্তৃপক্ষ আমার প্রদত্ত অত্র অঙ্গীকারনামা বলে আমার যে কোন স্থাবর বা অস্থাবর সম্পত্তি আদালতের মাধ্যমে উপযুক্ত আইনের আশ্রয়ে বাজেয়াপ্ত ঘোষণাক্রমে উপরোক্ত ঘোষিত টাকার সমপরিমাণ ক্ষতিপুরণ আমার নিকট হতে আদায় করতে পারবেন।

উপরোক্ত অঙ্গীকারসমুহ আমি স্বেচছায়, সজ্ঞানে, সুস্থ শরীরে এবং কারো বিনা প্ররোচণায় এবং এর ভবিষ্যৎ ফলাফল ভেবে, চিন্তে, বুঝে-শুনে ও পড়ে আজ __________ ২০২ __________ খৃস্টাব্দে নিম্নে বর্ণিত সাক্ষীগণের উপস্থিতিতে আমার নিজের নাম স্বাক্ষর করলাম।

জামিনদারের স্বাক্ষর :
তারিখ :

জামিনদারের ছবি
নিজ ওয়ার্ডের ইউপি
সদস্য/ পৌঃ ওয়ার্ড
কমিশনার কর্তৃক
সত্যায়িত

উক্ত অঙ্গিকারকারী আমার পরিচিত। তিনি জনাব __________ এর জামিনদার হওয়ার উপযুক্ত। তিনি আমার সামনে অত্র অঙ্গিকারনামায় স্বাক্ষর করেন।

প্রার্থীর নিজ ওয়ার্ডের ইউপি সদস্যের/ পৌঃ ওয়ার্ড কমিশনার স্বাক্ষর :
তারিখ ও সীল :

কর্মীর সাথে জামিনদারের সম্পর্ক
বাবা/ বড় ভাই/ চাচা/ মামা/ অন্যান্য

জামিনদারের নামের অনু-স্বাক্ষর কর্মরত কর্মীর বা কমী যোগদানের সময় সংস্থার আরটিএল/আরপিসি/প্রকল্প সমন্বয়কারী পর্যায়ের কর্মীর সামনে প্রদান করতে হবে।